উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

**এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৩ তম সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট
সভার তারিখ ও সময়: ১১ এপ্রিল ২০২২ সকাল : ১১.৩০ ঘটিকা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | মার্চ/২০২২ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর এপ্রিল/২২ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদের জীপগাড়ীর মার্চ/২২ মাসের জ্বালানী বিল বাবদ= ১৯,২৭৯/-(উনিশ হাজার দুইশত উনআশি) টাকা, জনাব মোঃ দিলদার মিয়াকে ড্রেন পরিষ্কার বাবদ = ১৭,০০০/- (সতের হাজার) টাকা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর চেয়ার মেরামত বাবদ =৩,২০০/-(তিন হাজার দুইশত) টাকা, জনাব মো: আজাদ মিয়াকে দৈনিক মজুরী বাবদ চার হাজার) টাকা, জনাব সুমন আহমদকে স্যানেটারী ও টাইসের কাজের মজুরী বাবদ =৩,০০০/- (তিন হাজার) টাকা, ২১শে ফেব্রুয়ারি, ২০২২ এর ব্যয় নির্বাহ বাবদ =১৮,০০০/- (আটার হাজার) টাকা, জনাব সাজন হরিজনকে উপজেলা নির্বাহী অফিসার এর বাস ভবনের ময়লা ট্যাংকি পরিস্কার বাবদ =৬,৮০০/-(ছয় হাজার আটশত) টাকা, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,২০২২ (সুবর্ণ জয়ন্তী) এর ব্যয় নির্বাহ বাবদ =১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| বিবিধ | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মার্চ/২০২২ মাসের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। গর্ভবতী পরিচর্যা সংখ্যা-৯৯১, প্রসব সেবা সংখ্যা ১৩৪, গর্ভোত্তর পরিচর্যা সংখ্যা- ২৭৭, শিশু স্বাস্থ্য সেবা সংখ্যা-৫৯১। সাধারন রোগী ৪৭৮৬, মহিলা বন্ধাকরণ -০২, ইমপ্ল্যান্ট- ৩২, আইউডি-০৩ জন।<br>**সিদ্ধান্তঃ** পরিবার পরিকল্পনা কার্যক্রমকে গতিশীল এবং সচেতনতামূলক প্রচারনা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ভ্যাকসিন কার্যক্রম ২য় ডোজ প্রদান কার্যক্রম চলমান, ইউনিক আইডি প্রোফাইল ও ডাটাবেজ প্রণয়েনের নিমিত্ত শিক্ষার্থী তথ্যফরম এর কাজ চলমান,২০২২ সালের বিনামুল্যে পাঠ্যপুস্তক বিতরণ শেষ, করোনা ও সরকারি নির্দেশনা মোতাবেক শ্রেণি কার্যক্রম চলমান,বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ শিক্ষার মনোন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>(গ) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, বয়স্ক,বিধবা, প্রতিবন্ধী, অনগ্রসর ভাতা ও সকল ধরনের শিক্ষা উপবৃত্তির ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল ইতোমধ্যে- প্রেরণ করা হয়েছে। উপজেলা সমাজসেবা কার্যালয়ে সারা বছর সেবাগ্রহীতাদের বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হয়। কিন্তু কার্যালয়ের অবকাঠামোগত অবস্থা ভঙ্গুর।তাই কার্যালয়টি মেরামত করা খুবই জরুরী।<br>**সিদ্ধান্তঃ** সকল ধরনের কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা সমাজসেবা অফিসটি মেরামত ও সংস্কারের জন্য প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দের জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের কাজের টেন্ডার এবং জাইকার প্রকল্পের কাজের টেন্ডার হয়েছে । দ্রুত কার্যাদেশ দেয়া হবে মর্মে সভায় অবহিত করেন।<br>সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও জাইকার গৃহিত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ঙ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, উপজেলা পরিষদের সাথে সম্পৃক্ত ১৭ টি দপ্তরের কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদ কে অবহিত করার নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের সাথে সম্পৃক্ত ১৭ টি দপ্তরের কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় আজিজপুর- বাংলাবাজার রাস্তার বাকি অংশ আরসিসি এবং সিলেট-সুলতানপুর রাস্তার আজিমপুরের সামনের ২কিঃমিঃ রাস্তা পাকা করনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি মাটি কাটার গাড়ি গুলো নির্ধারিত সময়ে (রাতে) চলাচলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ** সিলেট- সুলতানপুরের রাস্তা মেরামত ও সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ছ) চেয়ারম্যান বোয়ালজুড় ইউপি সভায় বলেন, পশ্চিম গৌরীপুর ইউনিয়নের বাংলাবাজার থেকে আতাসন পর্যন্ত রাস্তার কাজের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>সিদ্ধানঃ বাংলা বাজার-আতাসন রাস্তার প্রকল্প গ্রহণ করায় ধন্যবাদ প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা পরিবার পরিকল্পনা / উপ সহকারী প্রকৌশলী/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা কৃষি কর্মকর্তা/ উপজেলা সমবায় কর্মকর্তা/ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | (ঝ) হাট বাজার :<br>(১) মোরার বাজার: ১৪২৯ বাংলা সনে মোরার বাজার ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব এমরান আলী =৪৫,২০০/- (পঁয়তাল্লিশ হাজার দুইশত) টাকার দরপত্র দাখিল করেন। দরপত্রটি সরকারি ইজারা মুলের চেয়ে বেশী হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটি আবেদনকারীর অনুকূলে উক্ত বাজারটি ইজারা প্রদানের সুপারিশ করেন।<br>সিদ্ধান্ত : ১৪২৯ বাংলা সনে মোরার বাজার ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব এমরান আলী কর্তৃক দাখিলকৃত =৪৫,২০০/- (পঁয়তাল্লিশ হাজার দুইশত) টাকার দরপত্রটি সরকারি ইজারা মুলের চেয়ে বেশী হওয়ায় আবেদনকারীর অনুকূলে উক্ত বাজারটি ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) কালিবাড়ি বাজার: ১৪২৯ বাংলা সনে কালিবাড়ি বাজার ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব আব্দুল কাইয়ুম =১,৯০০/- (এক হাজার নয়শত) টাকার দরপত্র দাখিল করেন। দরপত্রটি সরকারি ইজারা মুলের চেয়ে বেশী হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটি আবেদনকারীর অনুকূলে উক্ত বাজারটি ইজারা প্রদানের সুপারিশ করেন।<br>সিদ্ধান্ত : ১৪২৯ বাংলা সনে কালিবাড়ি বাজার ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব আব্দুল কাইয়ুম কর্তৃক দাখিলকৃত =১,৯০০/- (এক হাজার নয়শত) টাকার দরপত্রটি সরকারি ইজারা মুলের চেয়ে বেশী হওয়ায় আবেদনকারীর অনুকূলে উক্ত বাজারটি ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ১৭৪ (৫০) তারিখ : ১১ এপ্রিল ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-
০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৫। জেলা প্রশাসক, সিলেট
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-
০১। উপজেলা ................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান...................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলে

(রোজিনা আক্তার) ১১/০৪/২২
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

| ক্রমিক | জনপ্রতিনিধির নাম | ১১/৪/২০২২ | ২৮/৫/২০২২ | ১৬/৬/২০২২ | ২৩/৭/২২ | ১১/০৮/২০২২ | ১১/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব হাবিবুর রহমান, মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩ | [illegible] | | | | | |
| ০২ | জনাব মো: মোস্তাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | |
| ০৩ | জনাব মো: আহমদ উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] ২৮/৫/২০২২ | [signature] | [signature] ২৩/৭/২০২২ | [signature] ১১/৮/২০২২ | [signature] |
| ০৪ | জনাব মোসা: [illegible], মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | Shabu ১১.৪.২২ | Shabu ২৮.৫.২০২২ | Shabu ১৬.৬.২২ | Shabu ২৩.৭.২২ | | Shabu ১১.৯.২২ |
| ০৫ | চেয়ারম্যান, পূর্ব পৈলনপুর ইউপি | [signature] ১১/৪/২২ | [signature] ২৮/৫/২২ | [signature] ১৬/৬/২২ | [signature] ২৩/৭/২২ | [signature] ১১/৮/২০২২ | [signature] ১১/০৯/২০২২ |
| ০৬ | চেয়ারম্যান, বোয়ালজুড় ইউপি | [signature] ২২ | [signature] ২২ | [signature] ২২ | [signature] ২২ | [signature] ২২ | [signature] ২২ |
| ০৭ | চেয়ারম্যান, দেওয়ানবাজার ইউপি | [signature] | [signature] ২৮/৫/২২ | [signature] ১৬/৬/২২ | [signature] ২৩/৭/২২ | [signature] ১১/৮/২২ | |
| ০৮ | চেয়ারম্যান, পশ্চিম গৌরীপুর ইউপি | Md. Abdur Rahman | Md. Abdur Rahman | Md. Abdur Rahman 16-06-22 | Md. Abdur Rahman | x | Md. Abdur Rahman |
| ০৯ | চেয়ারম্যান, বালাগঞ্জ ইউপি | [signature] 11.04.22 | [signature] | [signature] 16.06.22 | [signature] ২৩.৭.২২ | | |
| ১০ | চেয়ারম্যান, পূর্ব গৌরীপুর ইউপি | [signature] ১১/০৪/২২ | [signature] ২৮/০৫/২২ | [signature] ১৬/০৬/২২ | [signature] | [signature] ১১/০৮/২২ | [signature] ১১/০৯/২২ |

| ক্রম নং | কর্মকর্তাবৃন্দ | ১১/৪/২০২২ | ১৮/৫/২০২২ | ১৬/৬/২০২২ | ২৯/৭/২০২২ | ২২/০৮/2022 | ২২/০৯/2022 |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা | [signature] | | | for mithela | for mithela | [signature] |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী | B. Khan | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮ | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] 17.9.2022 |
| ০৯ | উপজেলা নির্বাচন কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১২ | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩ | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৪ | উপজেলা [illegible] কর্মকর্তা | | | | | | |